

উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির জানুয়ারি/২০২২ মাসের সভার কার্যবিবরণী :

- সভাপতি : জনাব শামীমা আক্তার  
উপজেলা ভাইস চেয়ারম্যান
- সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের সভা কক্ষ।
- সভার তারিখ : ১৩/০১/২০২২
- সভার সময় : সকাল ১১.০০ টা


সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর- পরিশিষ্ট “ক”

উপস্থিত সদস্যগণকে স্বাগত ও অভিনন্দন জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টীকরণ করা হয় এবং উপজেলা শিক্ষা অফিসার সভার আলোচ্য বিষয় সম্পর্কে সভাকে অবহিত করেন।

অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	গুগলমিট এর মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান।	অদ্যকার সভায় কোভিড- ১৯ চলাকালে গুগলমিট এর মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কোভিড-১৯ এর প্রাদুর্ভাব চলাকালীণ বিদ্যালয়সমূহ সরকারি নির্দেশে বন্ধ রয়েছে। শিক্ষার্থীরা যাতে পড়ালেখায় পিছিয়ে না পড়ে সেদিকে নজর রাখা অত্যন্ত জরুরি। সরকারি নির্দেশে বর্তমানে গুগলমিট এর মাধ্যমে পাঠদান অব্যাহত রয়েছে। প্রত্যেক শিক্ষক তাঁর শ্রেণি রুটিন মোতাবেক গুগলমিট এর মাধ্যমে পাঠদান অব্যাহত রাখবেন। প্রধান শিক্ষকগণ নিয়মিত পাঠদান মনিটরিং করে উপজেলা কার্যালয়ে প্রতিবেদন জমা দিবেন।	উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং স্ব- স্ব বিদ্যালয়ের শিক্ষকগণ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
( শামীমা আক্তার )  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি  
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি  
ব্রাহ্মণবাড়িয়া সদর